তারিখ : 03 JUN 2016
পৃষ্ঠা : ১১

দৈনিক জনকণ্ঠ

# শিক্ষককে লাঞ্ছিত করার প্রতিবাদে মানববন্ধন

**নিজস্ব সংবাদদাতা, নারায়ণগঞ্জ, ২ জুন ॥** রূপগঞ্জের কায়েতপাড়া ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যের বিরুদ্ধে স্থানীয় আল-আমিন মডেল একাডেমির প্রধান শিক্ষক ফারুক আহমেদকে লাঞ্ছিত করার অভিযোগ এনে ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে নারায়ণগঞ্জ প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে নারায়ণগঞ্জ প্রেস ক্লাবের সামনে ওই স্কুলের ছাত্র-ছাত্রী ও শিক্ষক এ মানবন্ধনের আয়োজন করেন। মানববন্ধনে একাত্মতা প্রকাশ করে বক্তব্য রাখেন লাঞ্ছিত প্রধান শিক্ষক, ছাত্র-ছাত্রী, শিক্ষক, অভিভাবকসহ বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ। বক্তারা শিক্ষকের প্রতি স্থানীয় জনপ্রতিনিধির অন্যায় ও অমানবিক আচরণের জন্য তার দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

মানববন্ধনে ওই স্কুলের প্রধান শিক্ষক ফারুক আহমেদ বলেন, রূপগঞ্জের আল-আমিন একাডেমিতে কায়েতপাড়া ইউনিয়ন পরিষদের ৭, ৮, ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা সদস্য বিউটি আক্তার কুট্টির দুই নাতনি পাভেল কেজি ও বর্ষা পঞ্চম শ্রেণীতে পড়ছে। প্রভাব খাটিয়ে সম্পূর্ণ বিনা খরচে শিক্ষার আবেদনের প্রেক্ষিতে স্কুল কর্তৃপক্ষ তাদের মাসিক বেতন ও পরীক্ষার ফি মওকুফ করে। কিন্তু কোচিং ফি মওকুফ না করায় গত ২৯ মে ইউপি সদস্য বিউটি আক্তার তার দলীয় লোকজন নিয়ে স্কুলে এসে প্রধান শিক্ষকের ওপর চড়াও হয়। এক পর্যায়ে তারা স্কুলের আসবাবপত্র ভাংচুর ও অন্যান্য শিক্ষকদের উপস্থিতিতেই প্রধান শিক্ষককে জুতাপেটা করে।